

ড্যাফোডিল ইউনিভার্সিটিতে আইনবিষয়ক অনুষ্ঠান আপডেট: ২৬ জুলাই ২০১৮, ১৪:১২



আইনবিষয়ক অনুষ্ঠানের মূল বক্তা মিজানুর রহমান খান (মোবো) ও শিক্ষকেরা। ছবি: সংগৃহীত

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির আইন বিভাগ আয়োজিত 'লেকচার অন মিডিয়া ল'স ইন বাংলাদেশ: স্পেশাল ফোকাস অন আইসিটি ল' শীর্ষক আইনবিষয়ক অনুষ্ঠান হয়েছে। ২৩ জুলাই ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাস আশুলিয়ায় এই অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রথম আলোর যুগ্ম সম্পাদক মিজানুর রহমান খান। উপস্থিত ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসের ডিন অধ্যাপক মোস্তফা কামাল, সামাজিক বিজ্ঞান অনুষদের সহযোগী ডিন অধ্যাপক ফারহানা হেলাল মেহতাব, আইন বিভাগের সহযোগী প্রধান মোহাম্মদ আবু সুফিয়ান। আরও ছিলেন আইন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। আলোচনায় তথ্যপ্রযুক্তি আইনের নানা দিক, তথ্যপ্রযুক্তি ও নিরাপত্তা আইনের সঙ্গে সংবিধানের আন্তঃসম্পর্কসহ বিভিন্ন বিষয় উঠে আসে। শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্ন ও উত্তরের মধ্য দিয়ে শেষ হয় আইনবিষয়ক এই অনুষ্ঠান।



আইনবিষয়ক অনুষ্ঠানের মূল বক্তা মিজানুর রহমান খানের সঙ্গে শিক্ষক-শিক্ষার্থীরা। ছবি: সংগৃহীত